

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/ ২৫৪৬

তারিখ : ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয়: বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২ এর ফলাফলে অভিযোগ এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ এর জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ এবং পুনঃপরীক্ষার ফি জমাদান প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২ এর ফলাফলের প্রেক্ষিতে যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ে অভিযোগ (PR/AB/No Fee/কোর্স সংক্রান্ত) দাখিল এবং উত্তরপত্র পুনঃনিরীক্ষণ এর জন্য আবেদন করেছেন সে সকল শিক্ষার্থীদের আবেদনসমূহ যাচাই ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করে সংশোধিত ফলাফল প্রকাশ করা হলো।

চূড়ান্ত/সেমিস্টারভিত্তিক ফলাফল result.bou.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীগণ উক্ত ওয়েব সাইটের নোটিশ বোর্ডে ফলাফল পরিবর্তন/অপরিবর্তনের বিষয়টি জানতে পারবেন। উল্লেখ্য, PR/AB/No Fee/ কোর্স সংক্রান্ত সমস্যার কারণে যারা অভিযোগ করেছেন, তারা তাদের অভিযোগের বর্তমান অবস্থা (স্ট্যাটাস) exam.bou.ac.bd ওয়েব সাইটে দেখতে পাবেন।

২। অভিযোগ দাখিলকারী শিক্ষার্থীদের মধ্যে সংশোধিত ফলাফলে অকৃতকার্য/অনুপস্থিত শিক্ষার্থীগণ, উত্তরপত্র পুনঃনিরীক্ষণে যে সকল শিক্ষার্থীর ফলাফল অপরিবর্তিত রয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীগণ বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণের জন্য অনলাইনে পুনঃপরীক্ষার আবেদন এবং ফি (প্রতি কোর্স ১২০/-) আগামী ২৪/০৮/২০২৫ তারিখের মধ্যে মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে জমা দিতে পারবেন।

৩। যে সকল শিক্ষার্থী পরীক্ষায় OMR শীট লেখায় ও বৃত্ত পূরণে ভুল করেছে এবং উপস্থিতি পত্রে উত্তরপত্রের সিরিয়াল নাম্বার ভুল লিখেছে/সিরিয়াল নাম্বার লিখেনি সে সকল শিক্ষার্থীর অভিযোগ সমাধান করা সম্ভব হয়নি। যে কারণে তাদের ফলাফলে এখনও PR রয়েছে। ফলাফলে PR রয়েছে এ ধরনের শিক্ষার্থীগণ উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে পুনঃপরীক্ষার ফি মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে জমা দিয়ে বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবেন।

৪। exam.bou.ac.bd ওয়েব সাইটের "পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা" লিংকে গিয়ে পুনঃপরীক্ষার আবেদন ফি জমা প্রদান করতে হবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। নির্ধারিত তারিখের পর পুনঃ পরীক্ষার ফি জমা দেয়া যাবে না।

এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. আইসিটি কনসালট্যান্ট, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

